



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

তারিখ : ২১/১১/২০১৬ খ্রি:

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল আজ ২১ নভেম্বর ২০১৬ তারিখ সোমবার দুপুর ২ টায় অনলাইনের মাধ্যমে প্রকাশিত হয়েছে। ‘ক’ ইউনিটে পাশের হার ১৩.৬%, ‘খ’ ইউনিটের পাশের হার ২৫.৫% এবং ‘গ’ ইউনিটে পাশের হার ২৯.৯%। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-১ এর ৫ম তলায় অবস্থিত বিডিরেন সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক আনুষ্ঠানিক ভাবে অনলাইনের মাধ্যমে ফলাফল কার্যক্রম উদ্বোধন করেন। একই সময়ে অনলাইনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উপস্থিত থেকে যৌথভাবে ফলাফল প্রকাশে অংশ নেন। এ সময় উভয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যদ্বয় যৌথ ভাবে ভর্তি পরীক্ষা কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পন্ন করায় একে অপরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, ফলাফল প্রস্তুতকরণ ও তথ্যপ্রদান ইউনিটের সমন্বয়ক সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, প্রক্টর মো. শফিউল আলম, ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়সার, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ফজলুল হক, বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার সাংবাদিকবৃন্দ সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সম্মানিত শিক্ষক এবং দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। ভর্তির তারিখ ১৩/১২/২০১৬ হতে ২০/১২/২০১৬ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের নবাগত শিক্ষার্থীদের ক্লাশ শুরু হবে ১৫/০১/২০১৭ তারিখ। ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <http://admission.eis.bu.ac.bd> পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়

b.university.pro@gmail.com